গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ১৪২/২০১৮-২০১৯
ঢাকা, বৃহস্পতিবার ১৭ জানুয়ারি ২০১৯, ৪ মাঘ ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। প্রধানমন্ত্রী আজ জনপ্রশাসন মন্ত্রণালয়ে অফিস করবেন
২। মুসলিম উম্মাহ্‌র ঐক্যবদ্ধ থাকতে হবে : প্রধানমন্ত্রীর সঙ্গে ইরানি রাষ্ট্রদূতের সাক্ষাৎ
৩। প্রধানমন্ত্রীকে ঘানার প্রেসিডেন্ট ও কম্বোডিয়ার প্রধানমন্ত্রীর অভিনন্দন
৪। রাষ্ট্রপতির সঙ্গে নেপালি রাষ্ট্রদূতের বিদায়ি সাক্ষাৎ
৫। জনগণের প্রত্যাশা পূরণে কাজ করবে সরকার : স্পিকার
৬। হাইকোর্টে ঢাকা উত্তর সিটি করপোরেশনের উপনির্বাচনের বাধা দূর
পুনঃতফসিল শীঘ্রই : সিইসি
৭। টিআইবি'র প্রতিবেদন রূপকথার গল্প : সেতুমন্ত্রী
৮। সুশাসন নিশ্চিত করাই প্রধান চ্যালেঞ্জ : স্বরাষ্ট্রমন্ত্রী
৯। টিআইবি'র প্রতিবেদন মনগড়া : তথ্যমন্ত্রী
১০। রাজধানীর খাল দখলমুক্ত করার কাজ শুরু অচিরেই : স্থানীয় সরকারমন্ত্রী
১১। বিদেশি কূটনীতিকদের সঙ্গে পররাষ্ট্রমন্ত্রীর বৈঠক আজ
১২। বিটাক আইন মন্ত্রিসভায় উপস্থাপন করা হবে : শিল্পমন্ত্রী
১৩। দুর্নীতি দূর করতে স্বাস্থ্যখাতে হবে শুদ্ধি অভিযান : স্বাস্থ্যমন্ত্রী
১৪। সরকারি কাজে অনিয়ম, দুর্নীতি সহ্য করা হবে না : সমাজকল্যাণমন্ত্রী
১৫। গৃহায়ন কর্তৃপক্ষের সম্পত্তি দখলমুক্ত করা হবে : গণপূর্তমন্ত্রী
১৬। তৃতীয় সাবমেরিন ক্যাবলে যুক্ত হচ্ছে বাংলাদেশ : তথ্য প্রযুক্তিমন্ত্রী

চলমান পাতা-২

১। **প্রধানমন্ত্রী আজ জনপ্রশাসন মন্ত্রণালয়ে অফিস করবেন**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ (১৭ জানুয়ারি বৃহস্পতিবার) জনপ্রশাসন মন্ত্রণালয়ে অফিস করবেন। টানা তৃতীয়বারের মতো প্রধানমন্ত্রীর দায়িত্ব নেওয়ার পর এটি সচিবালয়ে তাঁর প্রথম অফিস। সকাল ১০টায় জনপ্রশাসন মন্ত্রণালয়ে যাবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। জনপ্রশাসন মন্ত্রণালয়ের কর্মকর্তাদের পদোন্নতিসহ বিভিন্ন নথি, প্রকল্প ও ১০০ দিনের কর্মসূচি নিয়ে কর্মকর্তাদের সঙ্গে তিনি আলোচনা করবেন। তখন বিভিন্ন বিষয়ে তিনি সিদ্ধান্ত ও দিকনির্দেশনাও দেবেন। সূত্র : **সংবাদ** (পৃ.২,ক.৪), **সমকাল** (পৃ.১৯,ক.২), **ইনকিলাব** (পৃ.১,ক.৪)।

২। **মুসলিম উম্মাহ্‌র ঐক্যবদ্ধ থাকতে হবে : প্রধানমন্ত্রীর সঙ্গে ইরানি রাষ্ট্রদূতের সাক্ষাৎ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা মুসলিম বিশ্বের ঐক্যের ওপর গুরুত্বারোপ করে বলেছেন, এ উম্মাহর ঐক্যবদ্ধ থাকা উচিত। মুসলিম বিশ্বের দেশগুলোর মধ্যে সৃষ্ট সংঘাতে ঐ দেশগুলোর জনগণকেই ভোগান্তির শিকার হতে হয়। এজন্য মুসলিম উম্মাহর মধ্যে কোনো সমস্যা দেখা দিলে তা আলাপ-আলোচনার মাধ্যমেই সমাধানের আহ্বান জানান তিনি। বাংলাদেশে নবনিযুক্ত ইরানের রাষ্ট্রদূত মোহাম্মদ রেজা নাওফর গতকাল (১৬ জানুয়ারি বুধবার) প্রধানমন্ত্রীর তেজগাঁওস্থ কার্যালয়ে তাঁর সঙ্গে সৌজন্য সাক্ষাতে গেলে তিনি এ অভিমত ব্যক্ত করেন। ইরানের রাষ্ট্রদূত বৈঠকে জাতীয় সংসদ নির্বাচনে তাঁর দলের বিপুল বিজয়ে ইরানের রাষ্ট্রপতির পক্ষ থেকে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন জানান। তিনি শেখ হাসিনাকে একজন বিচক্ষণ ও দূরদর্শী প্রধানমন্ত্রী হিসেবে অভিহিত করেন। তিনি দেশের আর্থসামাজিক উন্নয়নে প্রধানমন্ত্রীর সুষম উন্নয়ন নীতিমালার ভূয়সী প্রশংসা করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **সংবাদ** (শেষ পৃ,ক.৪), **অবজারভার** (পৃ.১,ক.৬), **ডেইলি সান** (শেষ পৃ,ক.৫)।

৩। **প্রধানমন্ত্রীকে ঘানার প্রেসিডেন্ট ও কম্বোডিয়ার প্রধানমন্ত্রীর অভিনন্দন**

ঘানার প্রেসিডেন্ট নানা আদ্দো দানকাওয়া আকুফো আদ্দো এবং কম্বোডিয়ার প্রধানমন্ত্রী হুন সেনসহ আরও একাধিক রাষ্ট্র ও সরকারপ্রধান চতুর্থবারের মতো প্রধানমন্ত্রী নিযুক্ত হওয়ায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়েছেন। ঘানার প্রেসিডেন্ট আদ্দো গতকাল (১৬ জানুয়ারি বুধবার) এক অভিনন্দন বার্তায় বাংলাদেশের সাধারণ নির্বাচন শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হওয়ায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বের এবং বাংলাদেশের জনগণের ভূয়সী প্রশংসা করেন। কম্বোডিয়ার প্রধানমন্ত্রী হুন সেন এক পৃথক বার্তায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বলিষ্ঠ নেতৃত্বে বাংলাদেশের জনগণের ব্যাপক আর্থসামাজিক অগ্রগতি ও সমৃদ্ধি অর্জন হবে বলে দৃঢ় আশা প্রকাশ করেন। সূত্র : **যুগান্তর** (পৃ.৩,ক.১), **এশিয়ান এজ** (শেষ পৃ,ক.৮), **নিউ নেশন** (পৃ.৩,ক.২)।

৪। **রাষ্ট্রপতির সঙ্গে নেপালি রাষ্ট্রদূতের বিদায়ি সাক্ষাৎ**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদের সঙ্গে বিদায়ি সাক্ষাৎ করেছেন বাংলাদেশে নিযুক্ত নেপালের রাষ্ট্রদূত চোপ লাল ভুসাল। গতকাল (১৬ জানুয়ারি বুধবার) তিনি বঙ্গভবনে গিয়ে রাষ্ট্রপতির সঙ্গে সাক্ষাৎ করেন। সাক্ষাতের সময় রাষ্ট্রপতি নেপালকে বাংলাদেশের অত্যন্ত ঘনিষ্ঠ বন্ধুরাষ্ট্র উল্লেখ করে ১৯৭১ সালে মহান মুক্তিযুদ্ধে বাংলাদেশকে সহযোগিতার জন্য সে দেশের সরকার ও জনগণের প্রতি কৃতজ্ঞতা জানান। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.৬), **নিউজ টুডে** (পৃ.২,ক.৪), **ডেইলি সান** (পৃ.২,ক.১)।

৫। **জনগণের প্রত্যাশা পূরণে কাজ করবে সরকার : স্পিকার**

স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, বর্তমান সরকার জনগণের প্রত্যাশা পূরণে কাজ করবে। সে অনুযায়ী সরকার সার্বিক পরিকল্পনার মাধ্যমে উন্নয়নের সুফল তৃণমূলে পৌঁছে দিতে চায়। গতকাল (১৬ জানুয়ারি বুধবার) রংপুরের পীরগঞ্জ উপজেলা পরিষদ মিলনায়তনে ১৫টি ইউনিয়নের জনপ্রতিনিধিদের সঙ্গে নির্বাচনোত্তর উন্নয়নমূলক মতবিনিময় অনুষ্ঠানে স্পিকার এসব কথা বলেন। সূত্র : **সংবাদ** (শেষ পৃ,ক.১)।

৬। **হাইকোর্টে ঢাকা উত্তর সিটি করপোরেশনের উপনির্বাচনের বাধা দূর**
**পুনঃতফসিল শীঘ্রই : সিইসি**

ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র পদে উপনির্বাচন অনুষ্ঠানে আইনগত বাধা দূর হয়েছে। পাশাপাশি ঢাকা দক্ষিণ ও উত্তর সিটি করপোরেশনের নবগঠিত ওয়ার্ডসমূহের সংরক্ষিত আসনের কাউন্সিলর ও সাধারণ আসনের কাউন্সিলর পদে নির্বাচন হতে কোনো বাধা থাকল না। এ দুই সিটি করপোরেশনের নির্বাচনের ওপর আদালতের দেওয়া স্থগিতাদেশ প্রত্যাহার করে নিয়েছেন হাইকোর্ট। একইসঙ্গে নির্বাচনে তফসিল বাতিল প্রশ্নে জারিকৃত রুল খারিজ করে দেওয়া হয়েছে। বিচারপতি গোবিন্দ চন্দ্র ঠাকুর ও বিচারপতি মোহাম্মদ উল্লাহর সমন্বয়ে গঠিত হাইকোর্টের ডিভিশন বেঞ্চ গতকাল (১৬ জানুয়ারি বুধবার) এ আদেশ দেন। এদিকে প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কে এম নূরুল হুদা বলেছেন, কমিশনের সঙ্গে বৈঠক করে ঢাকা উত্তর সিটি করপোরেশনের উপনির্বাচনের

তফসিলের বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হবে। নির্বাচনের পুনঃতফসিল হবে। শীঘ্রই এটি করা হবে। গতকাল নির্বাচন প্রশিক্ষণ ভবনে এক অনুষ্ঠান শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে সিইসি এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.২), **সংবাদ** (পৃ.১,ক.৭), **ডেইলি সান** (শেষ পৃ,ক.৭), **অবজারভার** (পৃ.১,ক.৫)।

**৭। টিআইবি'র প্রতিবেদন রূপকথার গল্প : সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, টিআইবি জাতীয় নির্বাচন নিরপেক্ষ হয়নি বলে অলীক, অবিশ্বাস্য রূপকথার কাহিনী সাজাচ্ছে। দেশের জনগণ টিআইবি'র রূপকথার গল্পের জবাব দেবে। গতকাল (১৬ জানুয়ারি বুধবার) রাজধানীর বঙ্গবন্ধু এভিনিউয়ে আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ে একাদশ জাতীয় সংসদ নির্বাচনে আওয়ামী লীগের নিরঙ্কুশ বিজয় উপলক্ষে আগামী ১৯ জানুয়ারি সোহরাওয়ার্দী উদ্যানের জনসভা সফল করার লক্ষ্যে ঢাকা মহানগর দক্ষিণ যুবলীগ আয়োজিত বর্ধিত সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র : **সংবাদ** (পৃ.১,ক.১), **সমকাল** (পৃ.২,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.১),**ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৩)।

**৮। সুশাসন নিশ্চিত করাই প্রধান চ্যালেঞ্জ : স্বরাষ্ট্রমন্ত্রী**

সুশাসন নিশ্চিত করাই নতুন সরকারের প্রধান চ্যালেঞ্জ বলে মনে করেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল। তিনি বলেন, সুশাসন নিশ্চিত করার পাশাপাশি রাষ্ট্র ও জনগণের নিরাপত্তা নিশ্চিত করাই বর্তমান সরকারের মূল লক্ষ্য। গতকাল (১৬ জানুয়ারি বুধবার) সচিবালয়ে বাংলাদেশ ক্রাইম রিপোর্টার্স অ্যাসোসিয়েশনের (ক্রাব) নবনির্বাচিত কমিটির সঙ্গে সৌজন্য সাক্ষাৎকালে এ মন্তব্য করেন স্বরাষ্ট্রমন্ত্রী। তিনি আরো বলেন, মাদক ব্যবসায়ীদের ছাড় দেওয়া হবে না। মাদকের বিরুদ্ধে যুদ্ধ চালিয়ে যাবার জন্য আইনশৃঙ্খলা বাহিনীকে কঠোর নির্দেশনা দেওয়া হয়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.২), **যুগান্তর** (পৃ.২,ক.১)।

**৯। টিআইবি'র প্রতিবেদন মনগড়া : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বলেছেন, ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল অভ্ বাংলাদেশ (টিআইবি) একাদশ জাতীয় সংসদ নির্বাচন নিয়ে যে প্রতিবেদন দিয়েছে তা অসত্য, মনগড়া, রাজনৈতিকভাবে উদ্দেশ্যপ্রণোদিত ও এটা বিএনপি-জামায়াতের প্রতিধ্বনি। গতকাল (১৬ জানুয়ারি বুধবার) চট্টগ্রামের দেওয়ানজী পুকুরপাড় বাসভবনে এক সংবাদসম্মেলনে তিনি এসব কথা বলেন। সূত্র : **সংবাদ** (শেষ পৃ,ক.৪), **সমকাল** (পৃ.৩,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.২)।

**১০। রাজধানীর খাল দখলমুক্ত করার কাজ শুরু অচিরেই : স্থানীয় সরকারমন্ত্রী**

ঢাকা মহানগরীতে জলাবদ্ধতা নিরসন করতে খাল ও চারপাশের নদীসমূহ দখলমুক্ত করে স্বাভাবিক অবস্থায় ফিরিয়ে আনতে অচিরেই কাজ শুরু হবে বলে জানিয়েছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী মো. তাজুল ইসলাম। এছাড়া জলাবদ্ধতার কারণগুলো চিহ্নিত করে চলমান কাজ দ্রুত শেষ করা হবে বলে জানান তিনি। গতকাল (১৬ জানুয়ারি বুধবার) রাজধানীর কাকরাইলে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদফতরের দাপ্তরিক ও উন্নয়ন কার্যক্রম পর্যালোচনা, পরিদর্শন ও মতবিনিময় সভাশেষে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। সূত্র : **সংবাদ** (শেষ পৃ,ক.৪), **ইনকিলাব** (শেষ পৃ,ক.৩)।

**১১। বিদেশি কূটনীতিকদের সঙ্গে পররাষ্ট্রমন্ত্রীর বৈঠক আজ**

সাম্প্রতিক জাতীয় সংসদ নির্বাচন নিয়ে বিদেশি কূটনীতিকদের আজ (১৭ জানুয়ারি বৃহস্পতিবার) অবহিত করবেন পররাষ্ট্রমন্ত্রী এ কে আব্দুল মোমেন। এ বৈঠকে বাংলাদেশে কর্মরত সব দূতাবাস, জাতিসংঘ ও অন্যান্য সংস্থার রাষ্ট্রদূত ও প্রতিনিধিদের অংশ নেওয়ার আহ্বান জানানো হয়েছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **বণিক বার্তা** (পৃ.২,ক.১), ডেইলি সান (পৃ.১,ক.৩)।

**১২। বিটাক আইন মন্ত্রিসভায় উপস্থাপন করা হবে : শিল্পমন্ত্রী**

বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক) আইন-২০১৯ শীঘ্রই মন্ত্রিপরিষদ সভায় উপস্থাপন করা হবে বলে জানিয়েছেন শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন। গতকাল (১৬ জানুয়ারি বুধবার) বিটাকের কর্মকর্তা ও কর্মচারীদের সঙ্গে মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে শিল্পমন্ত্রী এ কথা বলেন। তিনি আরো বলেন, দেশেবিদেশে সুপ্রশিক্ষিত জনগোষ্ঠীর ব্যাপক চাহিদা আছে। তরুণদের এ সুযোগ কাজে লাগাতে হবে। নারীদেরও এ সুযোগ কাজে লাগাতে হবে। তিনি এ সময় বিটাকের সক্ষমতার পূর্ণ ব্যবহার নিশ্চিত করার আহ্বান জানান। সূত্র : **সংবাদ** (পৃ.২,ক.৭), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬)।

**১৩। দুর্নীতি দূর করতে স্বাস্থ্যখাতে হবে শুদ্ধি অভিযান : স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রী জাহিদ মালেক বলেছেন, দুর্নীতি দূর করতে স্বাস্থ্যখাতের সব জায়গায় শুদ্ধি অভিযান চলবে। আওয়ামী লীগের নির্বাচনি ইশতেহার বাস্তবায়নে প্রয়োজনীয় সব ধরনের পদক্ষেপ নেওয়া হবে। বিভিন্ন হাসপাতালের জন্য ক্রয় করা যন্ত্রপাতি শীঘ্রই ব্যবহার করার পদক্ষেপ নেওয়া হবে। ১ বছরের নিচে ও ৬৫ বছরের বেশি বয়সী নাগরিককে বিনামূল্যে স্বাস্থ্যসেবা দেওয়া হবে জানিয়ে স্বাস্থ্যমন্ত্রী বলেন, চিকিৎসকরা যাতে গ্রাম থেকে তৃণমূলের মানুষকে স্বাস্থ্যসেবা দিতে পারেন সেজন্য উপজেলা পর্যায়ে চিকিৎসকদের বাড়ি-গাড়ির ব্যবস্থা করা হবে। গতকাল (১৬ জানুয়ারি বুধবার) সচিবালয়ে স্বাস্থ্যমন্ত্রী 'আগামী ১০০ দিনের কর্মসূচি' নিয়ে সংবাদসম্মেলনে এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **সমকাল** (পৃ.৫,ক.৬), **অবজারভার** (পৃ.১,ক.২), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

**১৪। সরকারি কাজে অনিয়ম, দুর্নীতি সহ্য করা হবে না : সমাজকল্যাণমন্ত্রী**

সমাজকল্যাণমন্ত্রী নুরুজ্জামান আহমেদ বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্বাচনি ইশতেহার বাস্তবায়নে সরকারি কর্মকর্তা-কর্মচারীদের নিরলসভাবে দায়িত্ব পালনের মাধ্যমে সময়ের কাজ যথাসময়ে শেষ করতে হবে। সরকারি কাজে কোনো রকম অনিয়ম, দুর্নীতি সহ্য করা হবে না। মাদকের বিরুদ্ধে সর্বাত্মক অভিযান অব্যাহত রাখতে হবে। গতকাল (১৬ জানুয়ারি বুধবার) লালমনিরহাট জেলা প্রশাসক সম্মেলনকক্ষে জেলা পর্যায়ের কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময়কালে মন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৩,ক.৫)।

**১৫। গৃহায়ন কর্তৃপক্ষের সম্পত্তি দখলমুক্ত করা হবে : গণপূর্তমন্ত্রী**

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রী শ. ম. রেজাউল করিম বলেছেন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের (এনএইচএ) বেদখল সম্পত্তি দখলমুক্ত করা হবে। এ সংস্থার জমি বা সম্পত্তি রাষ্ট্রীয় সম্পদ। সব ধরনের প্রভাব-প্রতিপত্তি উপেক্ষা করে রাষ্ট্রীয় এ সম্পদ রক্ষা করা হবে। এজন্য সবাইকে তৎপর থাকতে হবে। গতকাল (১৬ জানুয়ারি বুধবার) এনএইচএ'র কার্যক্রম পর্যবেক্ষণে গিয়ে মন্ত্রী এসব কথা বলেন। সূত্র : **যুগান্তর** (শেষ পৃ,ক.৭), **বণিক বার্তা** (পৃ.২,ক.৫), **নিউজ টুডে** (পৃ.৩,ক.১)।

**১৬। তৃতীয় সাবমেরিন ক্যাবলে যুক্ত হচ্ছে বাংলাদেশ : তথ্য প্রযুক্তিমন্ত্রী**

বাংলাদেশে দ্রুতই ইন্টারনেটের ব্যবহার বাড়ছে। এ চাহিদা মেটাতে শীঘ্রই তৃতীয় সাবমেরিন ক্যাবলে যুক্ত হতে যাচ্ছে বাংলাদেশ। সি-মিই-উই-৬ কনসোর্টিয়ামের মধ্য দিয়ে এ প্রক্রিয়ায় যুক্ত হবে দেশ। গতকাল (১৬ জানুয়ারি বুধবার) মুঠোফোন কোম্পানি রবি'র নতুন প্রযুক্তির পরীক্ষামূলক ব্যবহারের উদ্বোধনের সময় এ কথা জানিয়েছেন ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তিমন্ত্রী মোস্তফা জব্বার । তিনি বলেন, সেবার গুণগত মানের ক্ষেত্রে কোনো আপস করা হবে না। অনুষ্ঠানে ফোরজি এলটি'র মধ্য দিয়ে কথা বলার নতুন প্রযুক্তি ভিওএলটিই'র পরীক্ষামূলক উদ্বোধন করেন তিনি। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.২), **সমকাল** (পৃ.৪,ক.১), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.৩), **অবজারভার** বিজনেস পাতা (পৃ.১,ক.২)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** দেশের ৬৮টি কারাগারে ধারণক্ষমতার অতিরিক্ত বন্দিদের জন্য চিকিৎসকের অপ্রতুলতায় তাদের চিকিৎসা ব্যাহত হচ্ছে উল্লেখ করে অবিলম্বে চিকিৎসক সংকট দূর করার ওপর গুরুত্বারোপ।

খ. **সমকাল, যায়যায়দিন, সংবাদ :** প্রায় তিন দশক পর দেশের 'দ্বিতীয় সংসদ' খ্যাত ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্র সংসদ (ডাকসু) এর নির্বাচন প্রক্রিয়ার সূচনা হওয়ায় সাধুবাদ জানিয়ে সব ছাত্র সংসদ সক্রিয় করা গেলে গণতন্ত্রের ধারাবাহিকতা সুদৃঢ় ও সুদূরপ্রসারী হবে বলে মতপ্রকাশ।

গ. **যায়যায়দিন :** পদ্মাসেতুর ৬ ও ৭ নম্বর পিলারের নকশার চূড়ান্ত অনুমোদন হওয়ায় সেতুর পিলারসংক্রান্ত সব জটিলতা কেটে গেছে উল্লেখ করে এ সেতুর যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করতে সামগ্রিক পদক্ষেপ অব্যাহত রাখার ওপর গুরুত্বারোপ।

ঘ. **বণিক বার্তা :** বর্তমানে মোট ১৯টি পণ্যে পাটজাত মোড়ক ব্যবহার বাধ্যতামূলক করা হলেও অনেকক্ষেত্রে তা মানা হচ্ছে না উল্লেখ করে এ ব্যাপারে কঠোর আইন প্রয়োগের সুপারিশ।

ঙ. **যুগান্তর, সংবাদ :** বাংলাদেশের সঙ্গে সীমান্তে শূন্য রেখার ১৫০ গজের মধ্যে অবৈধ স্থাপনা নির্মাণের অভিযোগ উঠেছে মিয়ানমারের বিরুদ্ধে উল্লেখ করে অবিলম্বে এ ব্যাপারে কঠোর ব্যবস্থা নেওয়ার ওপর গুরুত্বারোপ।

চ. **নিউ এজ :** নবনিযুক্ত শিক্ষামন্ত্রী বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির জন্য বাড়তি ফি আদায়ের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার যে হুঁশিয়ারি উচ্চারণ করেছেন তাতে সাধুবাদ জানিয়ে শিক্ষাখাতে যে কোনো ধরনের বাণিজ্য বন্ধে সংশ্লিষ্টদের প্রতি আহ্বান।

ছ. **ইন্ডিপেনডেন্ট :** সড়কে মৃত্যুর মিছিল থামছেইনা উল্লেখ করে এ অবস্থা নিরসনে সড়কে শৃঙ্খলা প্রতিষ্ঠা জরুরি বলে মতপ্রকাশ।

## উপসম্পাদকীয়

**যুগান্তর** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, গণতন্ত্রের শ্রেষ্ঠ রক্ষাকবচ হলো শক্তিশালী গণতান্ত্রিক সরকার এবং শক্তিশালী গণতান্ত্রিক বিরোধীদল।

## নিবন্ধ ও ফিচার

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'শিক্ষকদের নিকট জাতির প্রত্যাশা'** শীর্ষক নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, শিক্ষাক্ষেত্রে গৃহীত সরকারের সকল পদক্ষেপের সফল বাস্তবায়ন একমাত্র শিক্ষকদের মাধ্যমেই সম্ভব।

#

ডালিয়া/ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা